



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজের কার্যালয়
রংপুর।

অফিস আদেশ :

নং : ২৬৭/২০২২

তারিখ : ৩০/০৬/২০২২ খ্রিঃ।

রংপুর জেলা জজ আদালতের হিসাব বিভাগের অবসরপ্রাপ্ত অফিস সহায়ক জনাব মোঃ আনিছুর রহমান এর পেনশন ও আনুতোষিক মঞ্জুরীর নিমিত্ত দাখিলী আবেদনের প্রেক্ষিতে তাহার সার্ভিস বহি, পেনশন পেপারসহ আনুষঙ্গিক কাগজপত্র এবং অত্রাদালতের হিসাবরক্ষক ও প্রশাসনিক কর্মকর্তার প্রতিবেদন দেখিলাম ও পর্যালোচনা করিলাম। উক্ত কর্মচারীর ই.এল.পি.সি. মোতাবেক তাহার সর্বশেষ মূল বেতন ১৭,৯২০/- টাকা (শুধুমাত্র পেনশন নির্ধারণের জন্য) এবং তাহার মোট চাকুরীকাল ২৫(পঁচিশ) বৎসরের উর্দ্ধে হওয়ায় বিধি মোতাবেক তিনি মূল বেতনের ৯০% এর অর্ধাংশ পেনশন হিসাবে এবং বাকী অর্ধাংশ আনুতোষিক হিসাবে পাইতে অধিকারী।

এমতাবস্থায়, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ শাখা এর গত ১৪/১০/২০১৫ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০. ১৭১.১৩. ০০৬.১৫-৮১ নং স্মারক মোতাবেক অত্রাদালতের হিসাব বিভাগের অবসরপ্রাপ্ত অফিস সহায়ক জনাব মোঃ আনিছুর রহমান এর ১৭,৯২০/- (সতের হাজার নয়শত বিশ) টাকা মূল বেতনের ৯০% হারে মোট অবসর ভাতার পরিমাণ দাঁড়ায় ১৬,১২৮/- টাকা। তাহাকে উক্ত মোট অবসর ভাতার অর্ধাংশ ৮,০৬৪/-টাকা এর প্রতি ১/- টাকার বিনিময়ে ২৩০/-টাকা হারে আনুতোষিক হিসাবে (৮০৬৪×২৩০)=১৮,৫৪,৭২০/- (আঠারো লক্ষ চুয়ান্ন হাজার সাতশত বিশ) টাকা এবং বাকী অর্ধাংশ মাসিক অবসর ভাতা হিসাবে ৮,০৬৪/- (আট হাজার চৌষট্টি) টাকা মঞ্জুরী প্রদান করা হইল।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হইক।

স্বাক্ষরিত
(মোঃ শহীদুল ইসলাম)
সিনিয়র জেলা ও দায়রা জজ
রংপুর।

স্মারক নং : জেঃজঃরং- ২৬৭ (০৬)/২০২২

তারিখ : ৩০/০৬/২০২২ খ্রিঃ।

- ১। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
- ২। বিজ্ঞ বিচারক, (যুগ্ম জেলা জজ), ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, রংপুর ও চেয়ারম্যান, জেলা আদালত বাতায়ন হালনাগাদকরণ কমিটি, রংপুর।
- ৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর। (ছবি সংযুক্ত পূরণকৃত পেনশন পেপার ০১টি, চাকুরী খতিয়ান বহি ০১টি এবং আনুষঙ্গিক কাগজপত্র ১১ ফর্দ।
- ৪। মোঃ আনিছুর রহমান, অবসরপ্রাপ্ত অফিস সহায়ক, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
- ৫। আদেশ বহি/অফিস ফাইল।

(মোঃ শহীদুল ইসলাম) ৩০/৬/২০২২
সিনিয়র জেলা ও দায়রা জজ
রংপুর।